# HSC

## একাডেমিক কোর্স

### পৌরনীতি ১ম পত্র

## অধ্যায় ০১ : সমাজবিজ্ঞানের উৎপত্তি ও বিকাশ

টপিক - ০১

## আলোচিত বিষয়বস্তু

- **পৌরনীতির ধারণা ও সংজ্ঞা**
- পৌরনীতি ও সুশাসন পাঠের প্রয়োজনীয়তা
- বাংলাদেশে পৌরনীতি ও সুশাসন পাঠের গুরুত্ব
- পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ
- পৌরনীতি ও সুশাসনের সাথে জ্ঞানের অন্যান্য শাখার সম্পর্ক

## টপিক ০১ - পৌরনীতির ধারণা ও সংজ্ঞা

**This Topic is important for**

| MCQ | সৃজনশীল | |
|---|---|---|
| | ক | খ |
| | গ | ঘ |

# পৌরনীতির ধারণা ও সংজ্ঞা



'ইংরেজি 'সিভিক্স' (Civics) শব্দের বাংলা প্রতিশব্দ 'পৌরনীতি'। 'সিভিক্স' শব্দটি এসেছে ল্যাটিন শব্দ 'সিভিস' (Civis) এবং 'সিভিটাস' (Civitas) থেকে। 'সিভিস' এবং 'সিভিটাস' শব্দের অর্থ যথাক্রমে 'নাগরিক' ও 'নগররাষ্ট্র' (City State)। সুতরাং শব্দগত অর্থে 'সিভিক্স' (Civics) বা পৌরনীতি হলো নগররাষ্ট্রে বসবাসরত নাগরিকদের আচরণ ও কার্যাবলি সংক্রান্ত বিজ্ঞান । প্রাচীন ভারতবর্ষ ও গ্রিসে শব্দগত বা মূলগত অর্থেই পৌরনীতি বলতে নাগরিক অধিকার ও কর্তব্য সম্পর্কিত বিষয় মনে করা হতো। সংস্কৃত ভাষায় নগরকে 'পুর' বা 'পুরী' এবং নগরের অধিবাসীদেরকে বলা হয় 'পুরবাসী'। এ জন্যই নাগরিক জীবনের অপর নাম 'পৌর জীবন' এবং নাগরিক জীবন সম্পর্কিত বিদ্যার নাম 'পৌরনীতি'।

প্রাচীন গ্রিসে এক একটি নগর ছিল এক একটি রাষ্ট্র। প্রাচীন গ্রিসের এথেন্স, স্পার্টা প্রভৃতি নগর-রাষ্ট্রগুলোর আয়তন ও জনসংখ্যা ছিল সীমিত । নগর-রাষ্ট্রের সকল সদস্যকে নাগরিক বলা হতো না। নগর-রাষ্ট্রের মধ্যে শুধু যারা রাজনৈতিক অধিকার ভোগ করতো অর্থাৎ রাষ্ট্র পরিচালনায় অংশগ্রহণ করতো শুধু তাদেরকেই 'নাগরিক' বলা হতো। নাগরিকদের অধিকার ও কর্তব্য নিয়ে আলোচনা করা হতো পৌরনীতিতে । সুতরাং শব্দগত বা মূলগত অর্থে পৌরনীতির অর্থ ছিল অনেকটা সীমিত ও সংকীর্ণ

# পৌরনীতির ধারণা ও সংজ্ঞা



কিন্তু বর্তমানে পৌরনীতিকে শুধুমাত্র শব্দগত অর্থে আলোচনা করা হয় না। কেননা, আধুনিক রাষ্ট্রগুলো প্রাচীন গ্রিসের ‘নগররাষ্ট্র' (City state) নয়, বরং এগুলো এখন **'জাতি রাষ্ট্র'** (Nation state)। প্রাচীন গ্রিক নগর-রাষ্ট্রগুলো অপেক্ষা আধুনিক জাতি রাষ্ট্রগুলো আয়তনে যেমন বিশাল, জনসংখ্যাও তেমনি বিপুল। আধুনিক জাতি-রাষ্ট্রে (Nation State) নাগরিকের ধারণাও পরিবর্তিত হয়েছে। বর্তমানে নাগরিক হলো সেই ব্যক্তি যিনি রাষ্ট্রের মধ্যে স্থায়ীভাবে বসবাস করেন, রাষ্ট্রের প্রতি আনুগত্য পোষণ করেন, রাষ্ট্রের প্রতি তার দায়িত্ব ও কর্তব্য পালন করেন এবং রাষ্ট্র স্বীকৃত সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক অধিকার ভোগ করেন। এসব ‘জাতি রাষ্ট্রে' নাগরিকদের জীবন এবং কার্যাবলি বহুমুখী ও জটিল। আধুনিক রাষ্ট্রের নাগরিকদের আচরণ, কার্যাবলি এবং তাদের বিভিন্ন আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রতিষ্ঠান সম্পর্কে ধারাবাহিক পর্যালোচনার মাধ্যমে যে শাস্ত্র আদর্শ নাগরিক জীবনের ইঙ্গিত দান করে, তাই হলো ‘সিভিক্স' বা ‘পৌরনীতি'। পৌরনীতি মূলত সামাজিক বিজ্ঞানের একটি গুরুত্বপূর্ণ শাখা ।

# পৌরনীতির ধারণা ও সংজ্ঞা



**এফ. আই. গ্লাউড (F. I. Gloud)-এর মতে,** "যে সকল প্রতিষ্ঠান, অভ্যাস, কার্যাবলি ও চেতনার দ্বারা মানুষ রাষ্ট্রীয় বা রাজনৈতিক সমাজের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালন এবং অধিকার ভোগ করতে পারে, তার অধ্যয়নই হচ্ছে পৌরনীতি ।" **(Civics is the study of institutions, habits, activities and spirit by means of which a man or woman may fulfil the duties and receive benefits of membership in a political community.)**

**ই. এম. হোয়াইট ( E. M. White)-**এর মতে, "নাগরিকতার সাথে জড়িত সকল প্রশ্ন সম্পর্কে যে শাস্ত্র আলোচনা করে, তাই পৌরনীতি।" (Civics is the subject that deals with everything appertaining to citizenship.)

**ই. এম. হোয়াইট তাঁর** The philosophy of citizenship গ্রন্থে বলেছেন যে, "পৌরনীতি হচ্ছে জ্ঞানের সেই শাখা, যা নাগরিকতার অতীত, বর্তমান ও ভবিষ্যৎ এবং স্থানীয়, জাতীয় ও মানবতার সাথে জড়িত সকল বিষয় নিয়ে আলোচনা করে । (Civics is that branch of human knowledge which deals with everything relating to a citizen-past, present and future; local, national and human.)

**Webster's International Dictionary-**তে পৌরনীতির সংজ্ঞা দিতে গিয়ে বলা হয়েছে যে, "পৌরনীতি হলো রাষ্ট্রবিজ্ঞানের সেই বিভাগ বা শাখা যা নাগরিকের অধিকার ও কর্তব্য নিয়ে আলোচনা করে" (Civics is that department of political science dealing with rights and duties of citizen.) I'

# পৌরনীতির ধারণা ও সংজ্ঞা



Encyclopaedia Britanica-তে পৌরনীতির সংজ্ঞা দিতে গিয়ে বলা হয়েছে যে, "পৌরনীতিকে সামাজিক বিজ্ঞানের সেই শাখা বলে অভিহিত করা যায়, যেখানে সরকারের সংগঠন ও পদ্ধতি এবং নাগরিকের অধিকার ও কর্তব্যসমূহ আলোচনা করা হয়। ফ্রেডরিখ জেমস গুল্ড (Fredrick James Gould)-এর মতে, "পৌরনীতি হচ্ছে প্রতিষ্ঠান, আচরণ ও চেতনার অধ্যয়ন শাস্ত্র যার মাধ্যমে একজন পুরুষ বা নারী কর্তব্য পালন ও সুযোগ সুবিধা ভোগ সম্পর্কে জানতে পারে।" (Civics is the study of institutions, habits and spirits by means of which a man or woman may fulfil the duties and receive the benefits of memberships in political community.)

উপরের সংজ্ঞাগুলো বিশ্লেষণ করে বলা যায় যে, নাগরিক জীবনের সাথে সম্পর্কিত স্থানীয়, জাতীয় বা রাষ্ট্রীয় এবং আন্তর্জাতিক বিষয় সম্পর্কে জ্ঞানের যে শাখা আলোচনা করে তাকে পৌরনীতি বলে। পৌরনীতি নাগরিক হিসেবে মানুষের তাকে অধিকার ও কর্তব্য নিয়ে আলোচনা, মানুষের কার্যাবলি, অভ্যাস ও আচরণ বিশ্লেষণ এবং রাষ্ট্র ও অন্যান্য সামাজিক প্রতিষ্ঠানের কার্যাবলি পর্যালোচনার আলোকে আদর্শ নাগরিক জীবনের শিক্ষা দান করে ।

# পৌরনীতির ধারণা ও সংজ্ঞা



পৌরনীতির সংজ্ঞা থেকে এর যে অর্থ ও প্রকৃতি স্পষ্ট হয়ে ওঠে তা নিম্নের চার্ট দ্বারা প্রকাশ করা হলো :



# পৌরনীতির ধারণা ও সংজ্ঞা



বর্তমান সময়ে 'সুশাসন' বিষয়টির উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হচ্ছে। একটি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান হিসেবে 'বিশ্বব্যাংক' উন্নয়নের প্রেক্ষাপটে 'সুশাসন' ধারণাটিকে গুরুত্বপূর্ণ করে তুলেছে। ১৯৮৯ খ্রিষ্টাব্দে বিশ্বব্যাংকের এক সমীক্ষায় সর্বপ্রথম 'সুশাসন' শব্দটি ব্যবহার করা হয়। বর্তমানে সুশাসনের অর্থ দাঁড়িয়েছে নির্ভুল, দক্ষ ও কার্যকরী শাসন। আধুনিক রাষ্ট্রের লক্ষ্য হলো নির্ভুল, দক্ষ ও কার্যকরী শাসন প্রতিষ্ঠা করে জনগণের কল্যাণ সাধন করা । জ্ঞানের মূল্যবান শাখা 'পৌরনীতি'র সাথে বর্তমানে এজন্যই 'সুশাসন' শব্দটি যুক্ত করা হয়েছে। 'পৌরনীতি ও সুশাসন' তাই নাগরিকতার সাথে জড়িত সকল বিষয় এবং সুশাসন প্রতিষ্ঠার বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করে । একক কাজ : এমন একটি চার্ট বা ছক তৈরি করো যা দ্বারা পৌরনীতির অর্থ ও প্রকৃতি স্পষ্ট হয়ে ওঠে।

পৌরনীতির ইংরেজি প্রতিশব্দ কী?

ক Civis

খ Civitas

গ Civitas

✓ Civics

Civics শব্দের অর্থ কী?

রা. বো.

ক নগর

খ নগররাষ্ট্র

গ নাগরিকতা

✓ নাগরিক

Civics শব্দটির উদ্ভব বা উৎপত্তি কোন ভাষা থেকে ?

রা. বো.

- ক ইংরেজি
- খ ফরাসি
- ✓ ল্যাটিন
- ঘ জার্মান

Civis' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

রা. বো.

ক ইংরেজি

খ ফরাসি

✓ ল্যাটিন

ঘ গ্রিক

## সমাজবিজ্ঞানের উৎপত্তি হয় কত সালে?

ঢা বো ১৬,১৯ চ; বো. ১৭,২৩ ,

ক ১৭৯৮

খ ১৮১৮

✓ ১৮৩৯

ঘ ১৯৩৯

সমাজবিজ্ঞানকে বলা হয়-?

সকল বোর্ড

ক মূল্যবোধভিত্তিক বিজ্ঞান

✓ বস্তুনিষ্ঠ বিজ্ঞান

গ আদর্শনিষ্ঠ বিজ্ঞান

ঘ ব্যবহারিক বিজ্ঞান

## নৃবিজ্ঞানের মূল প্রতিপাদ্য বিষয় কী ?

সিলেট বোর্ড

- ক সমাজ
- খ সম্প্রদায়
- ✓ মানুষ
- ঘ সামাজিকীকরণ

ক সুশাসন শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন ?

ক নাগরিক জীবনের অপর নাম পৌর জীবন কেন?

# THANK YOU

# HSC

## একাডেমিক কোর্স

### পৌরনীতি ১ম পত্র

অধ্যায় ০১ : পৌরনীতি  ও সুশাসনের ধারণা।

টপিক - ০১

## আলোচিত বিষয়বস্তু

- পৌরনীতির ধারণা ও সংজ্ঞা
- পৌরনীতি ও সুশাসনের পরিধি ও বিষয়বস্তু
- পৌরনীতি ও সুশাসন পাঠের প্রয়োজনীয়তা
- বাংলাদেশে পৌরনীতি ও সুশাসন পাঠের গুরুত্ব
- পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ
- পৌরনীতি ও সুশাসনের সাথে জ্ঞানের অন্যান্য শাখার সম্পর্ক

## টপিক ০২ - পরিধি ও বিষয়বস্তু

**This Topic is important for**

| MCQ | সৃজনশীল | |
|---|---|---|
| | ক | খ |
| | গ | ঘ |

# পৌরনীতি ও সুশাসনের পরিধি ও বিষয়বস্তু

পৌরনীতি ও সুশাসনের পরিধি ও বিষয়বস্তু নিম্নের চিত্রের সাহায্যে এভাবে দেখানো হলোঃ



নাগরিকতা বিষয়কঃ

মানবসভ্যতার আদি সংগঠন সম্পর্কে আলোচনাঃ

রাজনৈতিক প্রতিষ্ঠানসমূহ সম্পর্কে আলোচনাঃ

রাজনৈতিক তত্ত্বঃ

## সামাজিক ও রাজনৈতিক বিমূর্ত বিষয় নিয়ে আলোচনা:

## নাগরিকতার স্থানীয় দিক সম্পর্কে আলোচনা :

## নাগরিকতার জাতীয় দিক সম্পর্কে আলোচনা:

## নাগরিকতার আন্তর্জাতিক রূপ সম্পর্কে আলোচনা:

**নাগরিকতার অতীত নিয়ে আলোচনা:**

**নাগরিকতার বর্তমান নিয়ে আলোচনা**

**নাগরিকতার ভবিষ্যৎ নিয়ে আলোচনা:**

# অনুধাবনমূলক প্রশ্ন



**খ.** পৌরনীতি ও সুশাসন কে নাগরকতা বিষয়ক বিজ্ঞান বলা হয় কেন

২. রাফি একাদশ শ্রেণিতে মানবিক বিভাগে ভর্তি হয়েছে। কিন্তু বিষয় বেছে নেওয়ার ক্ষেত্রে সমস্যায় পড়ে সে তার বাবার কাছে পরামর্শ চাইল। তিনি তার সন্তানকে সুনাগরিকের গুণাবলি অর্জন এবং নাগরিক অধিকার ভোগ ও কর্তব্য যথাযথভাবে পালনের জন্য নাগরিকতা সংশ্লিষ্ট একটি বিষয়কে পাঠ্য হিসেবে নেওয়ার পরামর্শ দিলেন। তখন রাফি তার বাবাকে বলল, এ বিষয়ে অনার্স পড়ার তো কোনো সুযোগ নেই। রাফির বাবা বললেন, বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এই বিষয়ের সাথে ঘনিষ্ঠতর একটি বিষয়ে অনার্স পড়ার সুযোগ আছে।

গ. উদ্দীপকে রাফির বাবা যে বিষয়টি বেছে নেওয়ার পরামর্শ দিয়েছিলেন তার বিষয়বস্তু ব্যাখ্যা কর।

# THANK YOU

# HSC

## একাডেমিক কোর্স

### পৌরনীতি ১ম পত্র

অধ্যায় ০১ : পৌরনীতি ও সুশাসনের ধারণা

টপিক - ০৩

## আলোচিত বিষয়বস্তু

- পৌরনীতির ধারণা ও সংজ্ঞা
- পৌরনীতি ও সুশাসনের পরিধি ও বিষয়বস্তু
- পৌরনীতি ও সুশাসন পাঠের প্রয়োজনীয়তা
- বাংলাদেশে পৌরনীতি ও সুশাসন পাঠের গুরুত্ব
- পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ
- পৌরনীতি ও সুশাসনের সাথে জ্ঞানের অন্যান্য শাখার সম্পর্ক

# পৌরনীতি ও সুশাসন পাঠের প্রয়োজনীয়তা

## This Topic is important for

| MCQ | সৃজনশীল | |
|---|---|---|
| | ক | খ |
| | গ | ঘ |

পৌরনীতি ও সুশাসন পাঠের প্রয়োজনীয়তাঃ

পৌরনীতি ও সুশাসন সুস্থ ও সুন্দর সমাজজীবন গঠনের শিক্ষা দান করে:

পৌরনীতি ও সুশাসন নাগরিকতা সম্পর্কীয় জ্ঞান দান করে :

পৌরনীতি ও সুশাসন সুনাগরিকতার শিক্ষা দান করে :

# পৌরনীতি ও সুশাসন পাঠের প্রয়োজনীয়তা



পৌরনীতি ও সুশাসন নাগরিক দৃষ্টিভঙ্গি উদার করে:

বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠানের অতীত জানতে সাহায্য করে :

বিভিন্ন সংগঠনের বর্তমান অবস্থা জানতে সাহায্য করে :

পৌরনীতি ও সুশাসন নাগরিক চেতনা বৃদ্ধি করে:

# পৌরনীতি ও সুশাসন পাঠের প্রয়োজনীয়তা



পৌরনীতি ও সুশাসন নাগরিককে অধিকার সচেতন করে:

পৌরনীতি ও সুশাসন নাগরিকের কর্তব্যবোধ জাগ্রত করে :

পৌরনীতি ও সুশাসন নাগরিকের গণতান্ত্রিক চেতনা বৃদ্ধি করে:

# পৌরনীতি ও সুশাসন পাঠের প্রয়োজনীয়তা



পৌরনীতি ও সুশাসন আন্তর্জাতিক দিগন্ত উন্মোচন করে :

পৌরনীতি ও সুশাসন ছাত্র-ছাত্রীদের জ্ঞানের পরিধি বিস্তৃত করে :

বিশ্বশান্তি প্রতিষ্ঠার উপায় সম্পর্কিত জ্ঞান অর্জন :

# পৌরনীতি ও সুশাসন পাঠের প্রয়োজনীয়তা



দেশ প্রেম বৃদ্ধির শিক্ষাঃ

সুযোগ্য নেতৃত্ব গড়ে তোলার শিক্ষাঃ

২. রাফি একাদশ শ্রেণিতে মানবিক বিভাগে ভর্তি হয়েছে। কিন্তু বিষয় বেছে নেওয়ার ক্ষেত্রে সমস্যায় পড়ে সে তার বাবার কাছে পরামর্শ চাইল। তিনি তার সন্তানকে সুনাগরিকের গুণাবলি অর্জন এবং নাগরিক অধিকার ভোগ ও কর্তব্য যথাযথভাবে পালনের জন্য নাগরিকতা সংশ্লিষ্ট একটি বিষয়কে পাঠ্য হিসেবে নেওয়ার পরামর্শ দিলেন। তখন রাফি তার বাবাকে বলল, এ বিষয়ে অনার্স পড়ার তো কোনো সুযোগ নেই। রাফির বাবা বললেন, বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এই বিষয়ের সাথে ঘনিষ্ঠতর একটি বিষয়ে অনার্স পড়ার সুযোগ আছে।

গ. উদ্দীপকে রাফির বাবা যে বিষয়টি বেছে নেওয়ার পরামর্শ দিয়েছিলেন তার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।

# THANK YOU

# HSC

## একাডেমিক কোর্স

পৌরনীতি ১ম পত্র

অধ্যায় ০১ : পৌরনীতি ও সুশাসনের ধারণা

টপিক - ০৪

## আলোচিত বিষয়বস্তু

- পৌরনীতির ধারণা ও সংজ্ঞা
- পৌরনীতি ও সুশাসনের পরিধি ও বিষয়বস্তু
- পৌরনীতি ও সুশাসন পাঠের প্রয়োজনীয়তা
- বাংলাদেশে পৌরনীতি ও সুশাসন পাঠের গুরুত্ব
- পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ
- পৌরনীতি ও সুশাসনের সাথে জ্ঞানের অন্যান্য শাখার সম্পর্ক

# বাংলাদেশে পৌরনীতি ও সুশাসন পাঠের গুরুত্ব

## This Topic is important for

| MCQ | সৃজনশীল | |
|---|---|---|
| | ক | খ |
| | গ | ঘ |

**সুশাসন প্রতিষ্ঠা :**

**দেশকে ভালোবাসার শিক্ষা :**

**জাতীয় ইতিহাস জানা:**

# বাংলাদেশে পৌরনীতি ও সুশাসন পাঠের গুরুত্ব



জাতীয় সমস্যা :

রাষ্ট্রীয় মূলনীতি সম্পর্কে জ্ঞান লাভ:

রাজনৈতিক সচেতনতা বৃদ্ধি:

## সুনাগরিকতার শিক্ষালাভ:

## গণতান্ত্রিক চেতনা সৃষ্টি :

## সংবিধান সম্পর্কে জানা যায় :

উদার দৃষ্টিভঙ্গি অর্জন:

সঠিক ইতিহাস জানতে সাহায্য;

বাংলাদেশে পৌরনীতি ও সুশাসন পাঠের গুরুত্ব:

[ চট্টগ্রাম বোর্ড ]

জনাব সালাম সাহেব একাদশ শ্রেণির শিক্ষার্থীদের সাথে আলোচনা সময় নাগরিকের অতীত, বর্তমান ও ভবিষ্যতের দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন। তিনি নবীন শিক্ষার্থীদের মধ্যে গণতান্ত্রিক মূল্যবোধ সৃষ্টি এবং যোগ্য নেতৃত্বের বিকাশের ওপর গুরুত্ব আরোপ করেন।

ঘ. নিজেকে একজন সুনাগরিক হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে উক্ত বিষয়টি পাঠের গুরুত্ব বিশ্লেষণ কর।

চট্টগ্রাম বোর্ড

নাসিমা এ বছর মাধ্যমিক পরীক্ষায় পাশ করেছে এবং উচ্চমাধ্যমিক শ্রেণীতে ভর্তি হবে। সে উচ্চমাধ্যমিক শ্রেণীতে ভর্তি হয়ে এমন একটি বিষয় পড়তে চাই, যার মাধ্যমিক জ্ঞান অর্জন করে একজন আদর্শ দেশপ্রেমিক সুনাগরিক হিসেবে গড়ে উঠতে পারে।

গ. উদ্দীপকে উল্লিখিত নাছিমার পছন্দের বিষয়টি কী? এর বিষয়বস্তু ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে উল্লেখিত বিষয়ের অধ্যয়নের গুরুত্ব আলোচনা কর।

দিনাজপুর বোর্ড

জনাব শফিক আহমেদ একজন শিক্ষক। তিনি শ্রেণী কক্ষে শিক্ষার্থীদের ভালো-মন্দ, উচিত-অনুচিত সম্পর্কে জ্ঞানদান করেন। তিনি শিক্ষার্থীদের বিশ্বাসী, সৎ, সহনশীল ও অন্যের প্রতি আত্মশীল হওয়ার শিক্ষা দেন। যাতে ব্যক্তি জীবনে শিক্ষার্থীরা মানুষ হিসেবে ভূমিকা রাখতে পারে। তিনি শিক্ষার্থীদের স্বাধীনতা, সার্বভৌমত্ব, আইনের শাসন, ন্যায় বিচার ইত্যাদি রাজনৈতিক নীতি ও আদর্শের শিক্ষা দেন। এতে শিক্ষার্থীরা গণতান্ত্রিক জীবনাচারের সাথে পরিচিত হতে পারে।

ঘ. উদ্দীপকে বিবৃত রাজনৈতিক নীতি ও আদর্শ সমূহের গুরুত্ব মূল্যায়ন কর।

# THANK YOU

# HSC

## একাডেমিক কোর্স

### পৌরনীতি ১ম পত্র

অধ্যায় ০১ : পৌরনীতি ও সুশাসনের ধারণা

টপিক - ০৫

## আলোচিত বিষয়বস্তু

পৌরনীতির ধারণা ও সংজ্ঞা
পৌরনীতি ও সুশাসনের পরিধি ও বিষয়বস্তু
পৌরনীতি ও সুশাসন পাঠের প্রয়োজনীয়তা
বাংলাদেশে পৌরনীতি ও সুশাসন পাঠের গুরুত্ব
পৌরনীতি ও সুশাসনের সাথে রাষ্ট্রবিজ্ঞানের সম্পর্ক
পৌরনীতি ও সুশাসনের সাথে জ্ঞানের অন্যান্য শাখার সম্পর্ক

# পৌরনীতি ও সুশাসনের সাথে রাষ্ট্রবিজ্ঞানের সম্পর্ক

## This Topic is important for

| MCQ | সৃজনশীল | |
|---|---|---|
| | ক | খ |
| | গ | ঘ |

মিল বা সাদৃশ্য: পৌরনীতি ও সুশাসন এবং রাষ্ট্রবিজ্ঞানের মধ্যে নিম্নলিখিত সাদৃশ্য লক্ষ করা যায়।

১. উৎপত্তিগত ও অর্থগত অভিন্নতা: উৎপত্তিগত দিক থেকে পৌরনীতি ও রাষ্ট্রবিজ্ঞান প্রায় এক ও অভিন্ন। ল্যাটিন শব্দ "Civis' & 'Civitas' থেকে ইংরেজি Civics (পৌরনীতি) শব্দের উৎপত্তি। 'Civis' শব্দের অর্থ নাগরিক এবং Civitas শব্দের অর্থ 'নগররাষ্ট্র'। Politics (রাষ্ট্রবিজ্ঞান) শব্দটির উৎপত্তি হয়েছে গ্রিক শব্দ 'Polites' ও 'Polis’ থেকে। 'Polites'- এর অর্থ 'নাগরিক' এবং 'Polis' এর অর্থ হলো 'নগররাষ্ট্র'। সুতরাং বলা যায় যে, অর্থগত দিক থেকে জ্ঞানের উভয় শাখাই পরস্পর সম্পর্কযুক্ত এবং প্রায় অভিন্ন।

ক. Civitas শব্দের উৎপত্তিগত অর্থ কী? চট্টগ্রাম বোর্ড

# পৌরনীতি ও সুশাসনের সাথে রাষ্ট্রবিজ্ঞানের সম্পর্ক



২. আলোচ্য বিষয়ে মিল: কিছু কিছু বিষয় উভয় শাস্ত্রই আলোচনা করে থাকে। নাগরিকতা বিষয়ক বিজ্ঞান হলেও পৌরনীতি ও সুশাসনের আলোচ্যসূচিতে রয়েছে সংবিধান, রাষ্ট্র, বিভিন্ন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, সংঘ, সরকার, প্রশাসন, আইন-কানুন, স্বাধীনতা, সাম্য, আন্তর্জাতিক প্রতিষ্ঠান ইত্যাদি বিষয়। অপরদিকে, রাষ্ট্রবিজ্ঞান রাষ্ট্রকেন্দ্রিক বিজ্ঞান হলেও নাগরিকতা সম্পর্কিত বিষয়সমূহ নিয়েও আলোচনা করে থাকে।

৩. নিবিড় সম্পর্ক: পৌরনীতি ও সুশাসন হলো নাগরিকতা বিষয়ক বিজ্ঞান, আর রাষ্ট্রবিজ্ঞান হলো রাষ্ট্রকেন্দ্রিক বিজ্ঞান। উভয়ের সম্পর্ক দেহ ও প্রাণের সম্পর্কতুল্য। উভয়ের সম্পর্ক অত্যন্ত নিবিড় ও ঘনিষ্ঠ।

৪. উদ্দেশ্যের দিক থেকে সাদৃশ্য বা মিল: সামাজিক বিজ্ঞানের এই উভয় শাখার উদ্দেশ্য হলো জনগণের কল্যাণ সাধন করা। জ্ঞানের এই উভয় শাখার লক্ষ্য হলো সুনাগরিক তৈরি করা। কেননা সুনাগরিক হলো জাতির অমূল্য সম্পদ।

# পৌরনীতি ও সুশাসনের সাথে রাষ্ট্রবিজ্ঞানের সম্পর্ক



**পার্থক্য বা বৈসাদৃশ্য:** পৌরনীতি ও সুশাসন এবং রাষ্ট্রবিজ্ঞানের পারস্পরিক সম্পর্ক যত ঘনিষ্ঠই হোক না কেন, উভয়ের মধ্যে নিম্নলিখিত পার্থক্য লক্ষ করা যায়:

১. পরিধি ও বিষয়বস্তুগত পার্থক্য: পৌরনীতি ও সুশাসন অপেক্ষা রাষ্ট্রবিজ্ঞানের পরিধি ও বিষয়বস্তু বিস্তৃত ও ব্যাপক। অনেকে এ জন্য পৌরনীতি ও সুশাসনকে রাষ্ট্রবিজ্ঞানের একটি অংশ বলেও মনে করে থাকেন।

২. বিষয় নির্ধারণ ও গুরুত্বের ক্ষেত্রে পার্থক্য: আলোচ্য বিষয় নির্ধারণ এবং তার ওপর গুরুত্ব আরোপের ক্ষেত্রেও জ্ঞানের উভয় শাখার মধ্যে পার্থক্য পরিলক্ষিত হয়। রাষ্ট্রবিজ্ঞান রাষ্ট্রীয় সংগঠনগুলোর ওপর যতটা গুরুত্ব আরোপ করে অন্য বিষয়গুলোর ওপর ততটা নয়। অপরদিকে, পৌরনীতি ও সুশাসন নাগরিকতা সম্পর্কিত বিষয়গুলোর ওপর যতটা গুরুত্ব আরোপ করে, রাষ্ট্রীয় সংগঠন সম্পর্কিত বিষয়গুলোর ওপর ততটা গুরুত্ব আরোপ করে না।

৩. দৃষ্টিভঙ্গির পার্থক্য: পৌরনীতি ও সুশাসন এবং রাষ্ট্রবিজ্ঞানের মধ্যে যেটুকু পার্থক্য তা মূলত দৃষ্টিভঙ্গির পার্থক্য। পৌরনীতি ও সুশাসন নাগরিকতা বিষয়ক বিজ্ঞান হওয়ায় সামাজিক, রাজনৈতিক সমস্যাগুলোকে নাগরিক দৃষ্টিকোণ থেকে দেখা হয়। কিন্তু রাষ্ট্রবিজ্ঞান রাষ্ট্রকেন্দ্রিক বিজ্ঞান হওয়ায় ঐ একই সমস্যাগুলোকে রাষ্ট্রীয় দৃষ্টিকোণ থেকে দেখা হয়।

৪. উৎপত্তিগত পার্থক্য পৌরনীতির ইংরেজি প্রতিশব্দ Civics-এর উৎপত্তি ঘটেছে ল্যাটিন শব্দ Civis এবং civitas থেকে। কিন্তু রাষ্ট্রবিজ্ঞানের ইংরেজি প্রতিশব্দ Political Science অথবা Politics শব্দটির উদ্ভব ঘটেছে Polities & polis থেকে।

# THANK YOU